



ভারতীয় বিমানের ওপর নিষেধাজ্ঞার মেয়াদ বাড়াল পাকিস্তান



ছবি: সংগৃহীত

ভারতীয় উড়োজাহাজের জন্য পাকিস্তানের আকাশসীমা বন্ধ রাখার সিদ্ধান্ত আরও এক মাসের বেশি সময়ের জন্য বহাল থাকছে। শনিবার পাকিস্তান বিমানবন্দর কর্তৃপক্ষের (পিএএ) নতুন নোটিশে জানানো হয়, আগামী ২৪ নভেম্বর ভোর ৫টা পর্যন্ত ভারতীয় বিমান এ নিষেধাজ্ঞার আওতায় থাকবে।

দুই দেশের মধ্যে আকাশপথে চলাচলের এই বাধা শুরু হয় ২০২৫ সালের এপ্রিলে। কাশ্মীরের পেহেলগামে হামলার পর ভারত-পাকিস্তান সম্পর্কের অবনতি হলে ২৩ এপ্রিল ভারতীয় উড়োজাহাজের জন্য আকাশসীমা বন্ধ করে ইসলামাবাদ। হামলার ঘটনায় পাকিস্তানকে দায়ী করলেও দেশটি অভিযোগ প্রত্যাখ্যান করে নিরপেক্ষ তদন্তের দাবি জানায়।

এর কয়েক দিন পর, ৩০ এপ্রিল পাকিস্তানি বিমান সংস্থাগুলোর জন্য নিজেদের আকাশসীমা বন্ধ করে ভারত। মে মাসের ৬ ও ৭ তারিখে পাকিস্তানের কয়েকটি স্থানে ভারতীয় হামলার পর সংঘাত আরও বাড়ে। জবাবে ‘অপারেশন বুনইয়ানুম মারসুস’ চালিয়ে ভারতের একাধিক সামরিক স্থাপনায় হামলার কথা জানায় পাকিস্তান।

সংঘাতের সময় পাকিস্তান আটটি ভারতীয় যুদ্ধবিমান ভূপাতিত করার দাবি করে। তাদের দাবি অনুযায়ী, এর মধ্যে তিনটি ছিল রাফাল যুদ্ধবিমান। কয়েক ডজন ড্রোন ভূপাতিত করার কথাও জানায় দেশটি। প্রায় ৮-৭ ঘণ্টার সংঘাত শেষে ১০ মে যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় দুই দেশ যুদ্ধবিরতিতে সন্মত হয়।

আকাশসীমা ব্যবহারে বিধিনিষেধের আর্থিক প্রভাব ভারতের বিমান পরিবহন খাতে বেশি পড়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পাকিস্তানের বিমান পরিবহন খাতে ক্ষতির প্রভাব তুলনামূলক কম ছিল।

এর আগে ১৯৯৯ সালের কারগিল যুদ্ধ এবং ২০১৯ সালের পুলওয়ামা সংকটের সময়ও পাকিস্তান ভারতীয় বিমানের জন্য আকাশসীমা বন্ধ করেছিল। ওই সময়ও ভারতীয় বিমান সংস্থাগুলোকে বেশি পরিচালনাগত জটিলতার মুখে পড়তে হয়েছিল।